

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)
কিউসি ল্যাব ভবন, আনোয়ার জং সড়ক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা
ফোন: ০১৫৫০০৭৬৮৪৩...৪৬; ইমেইল: qclab.dls@gmail.com


স্মারক নং- ৩৩.০১.০০০০.৭১৬.০৬.০০১.১৬/৭৩২

তারিখঃ ১৬/০২/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা 'প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন (২য় সংশোধিত)' প্রকল্পের আওতায় অনুসন্ধানী গবেষণা পরিচালনার জন্য গবেষণা প্রস্তাব আহবান করা হলো। মান নিয়ন্ত্রণ গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধির জন্য এ গবেষণা পরিচালনা হবে। তবে গবেষণা প্রস্তাবে কমপক্ষে ৫০% অর্থ নমুনা পরীক্ষা ফি হিসেবে অন্তর্ভুক্ত থাকতে হবে। গবেষণা প্রস্তাব এমন ভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের আওতায় স্থাপিত মান নিয়ন্ত্রণ গবেষণাগারে অগ্রাধিকার ভিত্তিতে নমুনা পরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা যায়। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রকল্পের গবেষণা কমিটি উক্ত গবেষণা প্রস্তাব মূল্যায়ন, অনুমোদন, তদারকি এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাদি পর্যালোচনা করবে। বাস্তবতার নিরিখে গবেষণার সংখ্যা ১০ এর কম-বেশি হতে পারবে। তাছাড়া, প্রয়োজনে গবেষণা প্রতি ব্যয় ভিন্ন রকম হতে পারে তবে সামগ্রিক ব্যয়সীমা প্রাক্কলিত ব্যয়ের মধ্যে থাকবে।

এমতাবস্থায়, আগামী ৩১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দের মধ্যে একক অথবা যৌথভাবে অনুসন্ধানী গবেষণা পরিচালনার জন্য গবেষণা প্রস্তাব নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।



(ড. মোঃ মোস্তফা কামাল)

প্রকল্প পরিচালক

প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের
মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি-

মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ

কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা